

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সাথে এ বিভাগের অনুবিভাগ প্রধানগণের সাথে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, প্রকল্প, অপারেশন প্ল্যান এবং APA যথাসময়ে বাস্তবায়নের নিমিত্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : শেখ ইউসুফ হারুন
ভারপ্রাপ্ত সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

সভার স্থান : সভাপতি মহোদয়ে অফিস কক্ষ

তারিখ : ২১.০৭.২০১৯ খ্রি:

সময় : সকাল ৯.০০ ঘটিকা

(উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক)

সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত অনুবিভাগ প্রধানদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় গত ১৬.০৭.২০১৯ খ্রি. তারিখের কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি গত সভায় আলোচিত দিক নির্দেশনাসমূহের কার্যক্রম অগ্রগতি পর্যালোচনা করেন। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	APA এর বাস্তবায়ন পর্যালোচনা	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের APA এর বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	০১। APA তে আইন সংক্রান্ত Target অর্জন করার জন্য অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) একটি আন্তঃমন্ত্রণালয় সভা আহ্বান করে আইনসমূহ চূড়ান্ত করার পদক্ষেপ গ্রহণ করবেন; ০২। Bangladesh Allied Health/ বাংলাদেশ স্বাস্থ্য শিক্ষা বোর্ড আইন বিষয়ক আইনটি আগামী ৩ সপ্তাহের মধ্যে আনুষঙ্গিক কার্যক্রম সম্পন্ন করে মন্ত্রিপরিষদ বিভাগে পাঠাতে হবে; ০৩। বাংলাদেশ ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসা পদ্ধতি আইন ২০১৬ আগামী ৩০ সেপ্টেম্বর/২০১৯ খ্রি. এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। ০৪। বাংলাদেশ হোমিওপ্যাথি চিকিৎসা পদ্ধতি আইন ২০১৭ আগামী ৩০ ডিসেম্বর/২০১৯ খ্রি. তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। ০৫। বেসরকারী মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ স্থাপন ও পরিচালনা আইনটি ৩১/০৭/২০১৯ খ্রি. তারিখের মধ্যে প্রণয়নের ব্যবস্থা করতে হবে; ০৬। বাংলাদেশ মেডিকেল এ্যাক্রেডিটেশন আইনটি আগামী ৩০ আগস্ট, ২০১৯ খ্রি. তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	প্রশাসন অনুবিভাগ, চিকিৎসা শিক্ষা অনুবিভাগ, উপসচিব (আইন)/ সংশ্লিষ্ট সকল

A. Harun

			<p>০৭। বার্ষিক উন্নয়ন প্রতিবেদন প্রস্তুত কমিটি ২ মাসের মধ্যে প্রতিবেদন প্রস্তুত নিশ্চিত করবেন।</p> <p>০৮। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কোন সূচক অনিবার্য কারণে সময়মত বাস্তবায়ন করা সম্ভব না হলে তা মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে।</p>	
২	বাজেট বাস্তবায়ন	<p>বছরের শুরুতে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা না করায় গত অর্থ বছরে উন্নয়ন ও রাজস্ব বাজেট যথাসময়ে বাস্তবায়ন হয়নি। ফলে এডিপি বাস্তবায়নের হার শতভাগ অর্জন করা সম্ভব হয়নি।</p>	<p>০১। যুগ্মসচিব (বাজেট) আগামী ১ সপ্তাহের মধ্যে উন্নয়ন অনুবিভাগ এবং সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর/ প্রকল্প পরিচালকগণের সাথে সমন্বয় করে উন্নয়ন বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রস্তুত করবেন।</p> <p>০২। সকল অপারেশনাল প্র্যান ও প্রকল্পের ক্ষেত্রে বার্ষিক কর্মপরিকল্পনা, বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা ও বার্ষিক ক্রয় পরিকল্পনা আগামী সভায় উপস্থাপন করতে হবে।</p> <p>৩। বৈদেশিক প্রশিক্ষণের মনোময়নের ক্ষেত্রে কমিটি কর্তৃক কর্মকর্তাদের মনোনয়ন হতে হবে। বিদেশে প্রশিক্ষণ শেষে দেশে প্রত্যাবর্তনের এক সপ্তাহের মধ্যে একটি প্রেজেন্টেশন উপস্থাপন করতে হবে। ৩০ জুনের পরে যে সকল কর্মকর্তাগণ বিদেশ হতে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদেরকে আগামী ২৫ জুলাই, ২০১৯ বৃহঃবার বিকেল ৪.০০ ঘটিকায় মাল্টিমিডিয়া প্রেজেন্টেশন দিতে হবে।</p> <p>০২। সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর/প্রকল্প পরিচালকগণ Action Plan তৈরী করে ১ম ও ২য় কিস্তির অর্থ দ্রুততম সময়ের মধ্যে ছাড় করে কর্মসূচী বাস্তবায়ন ত্বরান্বিত করবেন।</p> <p>০৩। ৪র্থ কিস্তি অর্থ ছাড়ের পূর্বে সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর/ প্রকল্প পরিচালক আবশ্যিকভাবে ১ম, ২য় এবং ৩য় কিস্তির অর্থের খরচের হিসাব বিবরণী দাখিল করবেন।</p> <p>০৪। ক্রয় ও সংগ্রহ শাখা আগামী ১৫ দিনের মধ্যে বর্তমান অর্থবছরের ক্রয় পরিকল্পনা প্রস্তুত করবেন।</p> <p>০৫। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপকরণ ও সরবরাহ ইউনিটের সক্ষমতা বৃদ্ধির জন্যে কর্মকর্তা/কর্মচারী পদায়ন এবং প্রশিক্ষণের মাধ্যমে যথাসময়ে ক্রয় কার্যক্রম শুরু করতে হবে।</p>	<p>প্রশাসন অনুবিভাগ, বাজেট অনুবিভাগ, উন্নয়ন অনুবিভাগ এবং সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর/প্রকল্প পরিচালক/উপপ্রধান</p>


(Signature)

৩	স্বাপনা নির্মাণ ও মেরামত	‘সি’ ক্যাটাগরির ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং ‘বি’ ক্যাটাগরির ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহের নির্মাণ/মেরামতের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	০১। ‘সি’ ক্যাটাগরির ৬৮৬ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহের পুনঃনির্মাণের জন্য আগামী ১ মাসের মধ্যে DPP প্রস্তুত করতে হবে। ০২। ‘বি’ ক্যাটাগরির ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের অগ্রাধিকার তালিকা তৈরীর পর রাজস্ব ও উন্নয়ন বাজেট থেকে অগ্রাধিকার ভিত্তিক মেরামতের গুনগত মান নিশ্চিত করতে হবে। ০৩। ছাদের সুরক্ষার জন্য এলজিইডি প্রাথমিক বিদ্যালয়সমূহের ছাদের উপর যেভাবে টালি দিয়েছে সেভাবে টালির ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে বর্তমান নক্সা প্রয়োজনে পরিবর্তন করতে হবে। এলজিইডি হতে প্রাথমিক বিদ্যালয় নির্মাণের নক্সা সংগ্রহ করতে হবে। ০৪। দৈততা পরিহারের লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতায় নির্মাণযোগ্য ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র যেন অন্য কোন অপারেশন প্ল্যানের আওতায় নির্মাণের উদ্যোগ না নেয়া হয় সে ব্যাপারে সংশ্লিষ্টদের পত্র দিতে হবে।	অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও সংশ্লিষ্ট সকল
৪	মাঠ পর্যায়ের পরিবার পরিকল্পনা কর্মী ও জনসংখ্যা নিয়ন্ত্রণ বিষয়ে সমস্যা সম্পর্কে অবহিত হওয়ার জন্য গুপ গুপ করে মাননীয় মন্ত্রীর সাথে আলোচনার ব্যবস্থা করা	মাঠ পর্যায়ে কর্মরত পরিবার পরিকল্পনা কর্মী ও জনসংখ্যা নিয়ন্ত্রণ বিষয়ে পরিবার কল্যাণ পরিদর্শিকা, পরিবার কল্যাণ সহকারী এবং পরিবার পরিকল্পনা পরিদর্শকগণের সমস্যা সম্পর্কে অবহিত হওয়ার জন্য ২০/৩০ জন করে গুপ ভিত্তিক মাননীয় মন্ত্রীর সাথে আলোচনার ব্যবস্থা করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর মাঠ পর্যায়ে কর্মরত পরিবার কল্যাণ পরিদর্শিকা, পরিবার কল্যাণ সহকারী ও পরিবার পরিকল্পনা পরিদর্শকগণের সমন্বয়ে ২০/৩০ জনের ৩ টি গুপ করে আগামী ০১ মাসের মধ্যে মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে আলোচনার আয়োজন করতে হবে। কর্মচারী মনোনয়নের ক্ষেত্রে যারা জেলা/বিভাগীয়/জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠত্ব অর্জন করেছে তাদেরকে অগ্রাধিকার দিতে হবে এবং সকল বিভাগ হতে সুষম বন্টন হতে হবে।	মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, অতিরিক্ত সচিব (জনসংখ্যা, প.ক. ও আইন) অনুবিভাগ এবং
৫	মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের ডিপিপি দ্রুততার সাথে পরিকল্পনা কমিশনে প্রেরণ	মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের ডিপিপি দ্রুততার সাথে পরিকল্পনা কমিশনে প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	০১। রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের ডিপিপি আগামী ০২ মাসের মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। ০২। ৩টি মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণের সাথে আগামী ২১/০৭/২০১৯ খ্রি. তারিখ একটি সভার আয়োজন করতে হবে।	চিকিৎসা শিক্ষা অনুবিভাগ

(Signature)

৬	'অলটারনেটিভ মেডিসিন' (আয়ুর্বেদিক, হোমিওপ্যাথি) সমস্যা সম্পর্কে অবহিত হওয়ার জন্য সভা আহ্বান	'অলটারনেটিভ মেডিসিন' (আয়ুর্বেদিক, হোমিওপ্যাথি) বিষয়ক সমস্যা সম্পর্কে অবহিত হওয়ার জন্য সভা আহ্বানের বিষয়ে সভায় আলোচনা হয়।	০১। আগামী ১৫ (পনের) দিনের মধ্যে অলটারনেটিভ মেডিসিন বিষয়ক সমস্যা নিয়ে সংশ্লিষ্টদের সাথে সভার আয়োজন করতে হবে।	অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) অনুবিভাগ
৭	মেডিকেল শিক্ষায় পোস্ট গ্রাজুয়েশন এর ক্ষেত্রে চাহিদা অনুযায়ী (Need Based) আসন সংখ্যা সুনির্দিষ্ট করা	মেডিকেল শিক্ষায় পোস্ট গ্রাজুয়েশন এর ক্ষেত্রে চাহিদা অনুযায়ী (Need Based) আসন সংখ্যা সুনির্দিষ্ট করার বিষয়ে আলোচনা হয়।	০১। উচ্চ শিক্ষায় বিষয় ভিত্তিক আসন সংখ্যা পুনঃবিভাজন করার বিষয়ে প্রেশন নীতিমালায় প্রয়োজনীয় সংশোধন আনা যায় কিনা সেবিষয়ে সংশ্লিষ্ট সকলকে নিয়ে আগামী এক মাসের মধ্যে সভা করে প্রতিবেদন দিতে হবে।	অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) অনুবিভাগ,
৮	বিবিধ	সভায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিবিধ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	০১। আর্থিক বিষয় এবং বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত চিঠিপত্র মহাপরিচালক কর্তৃক স্বাক্ষরিত হয়ে অত্র বিভাগে অগ্রায়ণ করতে হবে। ০২। সকল প্রকল্প পরিচালক হতে প্রকল্পের কাজের অগ্রগতির ছবিসহ প্রতিবেদন সংগ্রহপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে। ০৩। প্রত্যেকটি উপজেলায় একটি মা ও শিশু কল্যাণ কেন্দ্র/স্বাস্থ্য কেন্দ্রকে প্রসূতি বান্ধব কেন্দ্রে রূপান্তরের জন্যে উভয় বিভাগের সাথে আগামী ১৫ দিনের মধ্যে একটি সভা আহ্বান করতে হবে। সভা আহ্বানের পূর্বে কিভাবে কার্যক্রম শুরু করা যায় তার উপর কর্মপরিকল্পনা তৈরি করতে হবে। ০৪। প্রাতিষ্ঠানিক ডেলিভারি বৃদ্ধির জন্য প্রচার-প্রচারণা বৃদ্ধি করতে হবে। ০৫। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহ ২৪/৭ ঘন্টা খোলা রাখার ব্যবস্থা করতে হবে। ০৬। প্রাতিষ্ঠানিক ডেলিভারির সমস্যাগুলো চিহ্নিত করতে হবে। ০৭। এসডিজির লক্ষ্য মাত্রা অনুযায়ী মাতৃমৃত্যুর হার কমিয়ে ৭০ এ (প্রতি লক্ষে) নিয়ে আসার ব্যবস্থা জোরদার করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন) অনুবিভাগ, অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) অনুবিভাগ, অতিরিক্ত সচিব (উন্নয়ন) অনুবিভাগ এবং মহাপরিচালক (সকল)

০২। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



 (শেখ ইউসুফ হকিন)
 ভারপ্রাপ্ত সচিব
 স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নম্বর-৫৯.০০.০০০০.১০৪.০৬.০০১.২০১৯-৭৮২/১(৬০)

তারিখ: ২৩/০৭/২০১৯ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো (বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ নিপোর্ট
- ২। অনুবিভাগ প্রধান (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। উপপ্রধান, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৫। পরিচালক, চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৭। লাইন ডাইরেক্টর/ প্রকল্প পরিচালক (সকল), -----
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। অফিস কপি



(মোহাম্মদ আবদুল কাদের)

উপসচিব (প্রশাসন-১)

ফোন-৯৫৪৫৮২০

admin1@mefwd.gov.bd